ধর্মীয় নেতাদের সঙ্গে প্রধান উপদেষ্টার সংলাপ শুরু

বাসস : জাতীয় ঐক্য গঠনে আজ বিকেলে ফরেন সার্ভিস একাডেমিতে ধর্মীয় নেতাদের সঙ্গে প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সংলাপ শুরু হয়েছে।

প্রধান উপদেষ্টা বিকাল ৪টা ২২ মিনিটে সংলাপস্থলে আসেন।

এর আগে সংলাপে যোগ দিতে অনুষ্ঠানস্থলে পৌঁছেন বিভিন্ন ধর্মের নেতারা।

প্রধান উপদেষ্টার উপ প্রেস সচিব আবুল কালাম আজাদ মজুমদার বাসসকে বলেন, দেশের চলমান বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনার জন্য প্রধান উপদেষ্টা ধর্মীয় নেতাদের সঙ্গে সংলাপ করছেন।

বুধবার অধ্যাপক ইউনূস প্রধান রাজনৈতিক দলগুলোর নেতাদের সঙ্গে সংলাপ করেন। বৈঠকে তিনি ঘোষণা করেন, কেউই ৫ আগস্টের পর থেকে গড়ে ওঠা সংহতিকে ক্ষুণ্ন করতে বা জাতিকে তার স্বাধীনতা থেকে বঞ্চিত করতে পারবে না।

মঙ্গলবার রাতে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় বৈষম্য-বিরোধী ছাত্র আন্দোলনের নেতাদের সঙ্গেও বৈঠক করেন প্রধান উপদেষ্টা।